



হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর

ফোনঃ ৮৮০-৫৩১-৬১৩৫৫, ফ্যাক্স : ৮৮০-৬১৩১১ Web : www.hstu.ac.bd

স্মারক নং-হাবিপ্রবি/ সংস্থা./ ৭৩৬৪

তারিখঃ ২৪-০২-২০২১

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ২৪/০২/২০২১ খ্রী: তারিখ রোজ বুধবার এ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. বিধান চন্দ্র হালদার (রুটিন দায়িত্ব প্রাপ্ত) এর সভাপতিত্বে সকল অনুযায়ী সম্মানিত ডীনবন্দ, প্রক্টর এবং পরিচালক ছাত্র-পরামর্শ ও নির্দেশনা বিভাগের উপস্থিতিতে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক এ বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ আগামী ১৭ মে খুলে দেওয়া এবং ২৪ মে থেকে শ্রেণীকক্ষে পাঠদান কার্যক্রম শুরু হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভায় করোনাভাইরাস মহামারির কারণে এ বিশ্ববিদ্যালয়ের ১৭, ১৮, ১৯ ও ২০ ব্যাচ এর কোমলমতি ছাত্র-ছাত্রীরা যে একাডেমিক ক্ষতির সম্মুখীন হয়েছে তা কমিয়ে আনার লক্ষ্যে একটি “একাডেমিক রোডম্যাপ-২০২১” প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সেই অনুযায়ী দ্রুততম সময়ে উক্ত ব্যাচসমূহের পরীক্ষার রুটিনও প্রকাশিত হবে। উক্ত সভায় এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীদেরকে দ্রুততম সময়ে কোভিড-১৯ টিকার প্রথম ডোজ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতি অনুরোধ জানানোর বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়।

এ বিষয়ে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর ডা. মো. ফজলুল হক)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)